CAREERINDIA



**2024**

# BENGALI

*Total marks : 80* *Time : 3 hours*

***General Instructions:***

*i) Approximately 15 minutes is allotted to read the question paper and revise the answers.*
*ii) The question paper consists of 23 questions divided into 3 sections A,B,C, & D.*
*iii) Attempt questions based on specific instructions for each part. Write the correct number in your answer sheet to indicate the option/s being attempted.*
*iv) General and Internal choice have been provided in some questions*
***N.B: Check that all pages of the question paper is complete as indicated on the top left side.***

## বিভাগ - ক (পাঠ)

**1. নিম্নলিখিত অংশটুকু ভালো করে পড়ে প্রশ্নগুলোর উত্তর লিখঃ-**

মানুষের সৃষ্টি করা প্রথাই মানুষকে বদ্ধ করে, মানুষের ধর্ম, সমাজ, ভাষা সাহিত্য সকলের মধ্যে আজও তার পরিচয় পাওয়া যায় ।

চিনা বালিকার জুতোর মতোই প্রথাও মানুষের বেঁধে রেখেছে। মানুষ যে মানুষ, তার যে বেড়ে ওঠার কথা তা প্রথা ভুলিয়ে রেখেছে। তাই প্রথা ভাঙ্গঁতে মানুষ দ্বিধাবোধ করে, মিথ্যাচারণের ভয়ে এ যেন মানুষের উপর মানুষেরই সৃষ্টি প্রথার অত্যাচার।

একদিন ছিল, নারীর কাজগুলোকে বাহবা,উ ৎসাহ দেওয়া হত। এখন আর তেমন নেই। একদিন নারীর আদর্শ, সংস্কারের প্রথম দিন থেকে বেশ উঁচু পর্যায়ের ছিল। কিন্তু কার্যক্ষেত্রে ছিল না, এই সংস্কারের নানা নাম ছিল। নারী স্বাধীনতা, নারী পুরুষের সমান অধিকার ইত্যাদি, ইত্যাদি, এতে প্রকৃত লাভ কিছুই ঘটেনি। দু-একজন যারা বাহবা পেলো তারা মনে করলো অমৃত লাভ করেছে, যারা অবহেলা পেলো তারা মনে করল তাদের দিয়ে কিছু হবার নয়।

বস্তুত দশখানা বই মুখস্থ করতে পারলে বা দু-চারটি পরীক্ষা পাশ করতে পারলেই নারীর মুক্তি ঘটে গেল এমন ভাবা ভুল, শিক্ষা এতো সহজে শেষ হবার নয়, শিক্ষয়িত্রী হতে পারলেই নারীর ভাবনা শেষ হয়ে যায়না, বা না হলেও যে তেমন কিছু মোক্ষলাভ ব্যাঘাত ঘটে তা নয়। জগৎ বিচিত্র, সৌন্দর্যময়, প্রতিটি মানুষ নানা মুখশ্রী নিয়ে জন্মগ্রহণ করে। আদের চিন্তা, চেতনা ভিন্ন হওয়া স্বাভাবিক। নারী-পুরুয় এ ক্ষেত্রে মন্মিলিত ভাবে সামঞ্জস্য সূত্রে গ্রথিত হয়ে চেতনার আদান-প্রদান করলে মানব সমাজের বিকাশ আবশ্যম্ভাবী।

**নীচে দেওয়া উত্তর গুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ**

(a) মানুষের পরিচয় কিসে পাওয়া যায় ? 1

(i) সাহিত্য (ii) খেলা
(iii) ঝগড়া (iv) মারামারি ।

(b) মানুষ কী ভাঙ্গঁতে দ্বিধাবোধ করে ? 1

(i) প্রথা (ii) বাসন
(iii) বাড়ি (iv) সম্পর্ক ।

www.careerindia.com

(c) নারীর কাজগুলোকে আগে কী করা হতো ? 1

(i) বাহবা (ii) লোকচক্ষুর আড়ালে রাখা হতো

(iii) ফেলে দেওয়া হতো (iv) ছিড়ে ফেলা হতো ।

(d) 'অমৃত' শব্দটির বিপরীত শব্দ কী হবে ? 1

(i) ক্ষীর (ii) গরল

(iii) মিষ্টি (iv) তেতো ।

**নীচের প্রশ্নগুলির উত্তর প্রায় '5' থেকে '10' টি শব্দের মধ্যে দাওঃ-**

(e) মানুষকে কী বদ্ধ করে ? 1

(f) চীনা বালিকার জুতো কিসের প্রতীক ? 1

(g) জগৎ কেমন ? 1

(h) মানব সমাজের বিকাশ কিভাবে সম্ভব ? 1

(i) লিঙ্গ পরিবর্তন করঃ- "নারী" 1

(j) সন্ধি বিচ্ছেদ করঃ- "মিথ্যাচারণ" 1

**বিভাগ - 'খ' ( রচনা ও নির্মিতি)**

**2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর 150 থেকে 200 টি শব্দের মধ্যে লিখঃ-**

(a) স্বাবলম্বন (Selfhelp)

**অথবা** **6**

(b) মনে কর তুমি শীলা অথবা সুশীল, নিজের মাতৃভাষা নিয়ে পড়াশোনা করা যে কতটা জরুরী তা নিয়ে সীতা অথবা মলয়ের সাথে কথোপকথনের মাধ্যমে আলোচনা কর।

**3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর '50' টি শব্দের মধ্যে লিখঃ**

(a) তুমি লরেটো কলেজের সাংস্কৃতিক সম্পাদক অরুণ অথবা রিমা, তোমার কলেজে একটি বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করেছো। সেই প্রতিযোগিতায় বিখ্যাত সাংবাদিক জয় গোস্বামীকে বিচারকের আসন অলংকৃত করার জন্য একটি আমন্ত্রণ পত্রের খসড়া কর ।

**অথবা** **4**

(b) অশুদ্ধি সংশোধন বা সম্পাদনা করঃ

বৎসরের সুন্দরতম ঋতু বর্ষাকালে দুর্গাপূজা অনুষ্ঠিত হয় । বর্ষার সুনীল আকাশে, মেঘেরা ভেসে বেড়ায়। মৃৎ-শিল্পীরা দিন রাত্রি বসে থেকে দুর্গা ঠাকুর বানায়। দুর্গা চতুর্ভুজ। চারহাতে নানা অলংকারে অলংকৃত হয়ে মহিষাসুরের পিঠে চেপে, সিংহকে বধ করার দৃশ্যটি আমাদের কাছে এক বিশেষ রূপ ধারণ করেন। দেবীর ডানদিকে ধনের দেবী লক্ষ্মী ও দেবসেনাপতি গনেশ এবং বাম দিকে বিদ্যার দেবী সরস্বতী ও সিদ্ধিদাতা কার্ত্তিকেয় দেবীর সাথেই পুজিত হন। কার্ত্তিকেয়র পাশে নবপত্রিকা বা কলাবৌ দন্তায়মান। শুধু ধর্মীয় গুরুত্বে নয় মানবিক সম্পর্কের সহজ আন্তরিকতার স্পর্শে এ উৎসবটি অনন্য ।

www.careerindia.com

## বিভাগ - 'গ' ( ব্যাকরণ ও অনুবাদ)

**4.** **দ্বিগু সমাস কাকে বলে ? উদাহরণ দাও ।** **2**

**5.** **ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখঃ** **3x1=3**

(i) আজানু (ii) মাবাবা (iii) মনমাঝি

**6.** **অর্থালংকার কাকে বলে ?** **2**

**7.** **উদাহরণ সহ সংজ্ঞা লেখঃ-** **1x3=3**

(i) উপমা

অথবা

(ii) শ্লেষ

**8.** **নিম্নলিখিত বিশিষ্টার্থক পদগুলির দ্বারা বাক্য রচনা করঃ** **2x1=2**

(i) তাসের ঘর (ii) গোবর গনেশ

**9.** **বাংলায় অনুবাদ কর** **3**

Saramati is the highest peak in Nagaland. Snow clad throughout winter and located on the Nagaland – Myanmar border, it traces a beautiful climb dotted with Rhododendrons along its path. Saramati is a three day trek from either Pungro or Salomi.

## বিভাগ 'ঘ' ( সাহিত্য )

### গদ্যাংশ

10. নীচে দেওয়া পদ গুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও ? **4x1=4**

(a) বিড়ালের মতানুসারে পরোগকার কী

(i) পরমধর্ম (ii) পরমপাপ

(iii) ভেজালের কাজ (iv) দুঃখপূর্ণকাজ

(b) শুভচন্তীর পুজা কে করেছিল?

(i) গুরুচরণ (ii) শ্যামাচরণ

(iii) হরিচরণ (iv) পরেশ

(c) 'কবিরাজ' বলা হয়-

(i) ডাক্তরকে (ii) কবিকে

(iii) লেখককে (iv) গায়ককে

(d) 'Aesthetic Values' বলতে কী বোঝায় ?

(i) সামাজিক মূল্যবোধ (ii) আধ্যাত্মিক মূল্যবোধ

(iii) নন্দনতাত্ত্বিক মূল্যবোধ (iv) নৈতিক মূল্যবোধ

11. 'বিড়াল' গল্পটি কার রচনা ? 'বিড়াল' গল্পে বিড়ালটি কার প্রতিনিধি ? **1+1=2**

www.careerindia.com

12. কোনগুনগুলি সার্বজনীন তথা বিশ্বজনীন বলে গ্রহণ করা যায় ? একজন ব্যাক্তির জীবনের সাফলের চাবিকাঠি কী ? **1+1=2**

13. গুরুচরণের ছেলের নাম কী ? কেনো তার জেল হয়েছিল এবং কত বছরের জন্য ? **2 +1=3**

14.(a) "আমি যদি নেপোলিয়ান হইতাম, ওয়াটার্লু জিতিতে পারিতাম কি না"

(i) কার উক্তি ? **1**

(ii) নেপোলিয়ান কে ? **1**

(iii) ওয়াটার্লু কী ? **2**

**অথবা**

(b) দেশের ভবিষৎ নাগরিক কারা ? নৈতিক মূল্যবোধ কাকে বলে ? (1+3=4)

15. (a) "হরিচরণ নাকি ভারী তোমার পেছনে লেগেছ"

(i) কোন গল্পের অংশ ? **1**

(ii) লেখকের নাম কী ? **1**

(iii) উক্তিটি কার ? **1**

(iv) কাকে করা হয়েছে ? **1**

(v) হরিচরণ কে ? **1**

**অথবা**

(b) "আমি একবার তারকেশ্বর চললাম, ফিরতে দু-একদিন দেরি হবে"

(i) কোন গল্পের অংশ ? **(1)**

(ii) কার উক্তি ? **(1)**

(iii) কাকে করা হয়েছে ? **(1)**

(iv) তারকেশ্বর কী ? **(2)**

**পদ্যাংশ**

16. নীচে দেওয়া পদগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ-

(a) কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর কোন কাব্যের জন্য "নোবেল পুরস্কুর" পান ? **1**

(i) গীতবিতান (ii) গীতাঞ্জলি

(iii) গীতিমাল্য (iv) গীতালি

(b) "ত্রিপিটক" কাদের ধর্ম গ্রন্থ ? **1**

(i) বৌদ্ধদের (ii) মুসলিমদের

(iii) শিখদের (iv) পার্শীদের

17. "বাংলার মুখ আমি দেখিয়াছি" কবিতাটি কার রচনা ? কবির কোন কাব্যগ্রন্থ থেকে কবিতাটি গৃহিত হয়েছে ? **1+1=2**

18. রূপাইয়ের হাতদুটো কিসের মতো ? তার শরীরের সাথে কবি কিসের তুলনা করেছেন ? **1+1=2**

19.(a) "বিধাতার রুদ্ররোষে দুর্ভিক্ষের দ্বারে বসে ভাগ করে খেতে হবে সকলের সাথে অন্নপান"

(i) কোন কবিতার অংশ ? **1**

(ii) কবির নাম কী ? **1**

(iii) "বিধাতার রুদ্ররোষে" বলতে কবি কী বুঝিয়েছেন ? **2**

**অথবা**

(b) "বেহুলাও একদিন গাঙুড়ের জলে ভেলা নিয়ে"

(i) কবিতাটির নাম কী ? (1)

(ii) কবির নাম কী ? (1)

(iii) বেহুলা কে ? (1)

(iv) সে কোথায় যাচ্ছিলো ? (1)

20.(a) "বুদ্ধ গয়া এ, জেরুজালেম এ, মদীনা কাবা ভবন"

(i) জেরুজালেম কোথায় অবস্থিত ? 1

(ii) এটা কাদের পবিত্র স্থান ? 1

(iii) মদীনা কী ? 1

(iv) বুদ্ধ কে ? 1

(v) কাবা ভবন কী ? 1

**অথবা**

(b) "আখ্‌ড়াতে তার বাঁশের লাঠি অনেক মানে মানী খেলার দলে তারে নিয়েই সবার টানাটানি"

(i) কোন কবিতার অংশ ? (1)

(ii) কবির নাম কী ? (1)

(iii) আখ্‌ড়া বলতে কী বোঝ ? (1)

(iv) কাকে নিয়ে সবাই টানাটানি করে ? কেনো ? **(2)**

## কথাসাহিত্য

21. অভয়ার বাড়ি কোথায় ছিল ? তার সঙ্গীটির নাম কী ছিল ? **1+1=2**

22. "আপনি কি বর্মার মেয়ে বিয়ে করেছেন নাকি ? কার উক্তি ? কাকে করা হয়েছে ? বর্মার বর্তমান নাম কী ? **1+1+1=3**

23.(a) "তিনি এতকাল আপনার কোনো খোঁজ নেন না, কিছু জানেন?"

(i) কার উক্তি ? 1

(ii) কাকে করা হয়েছে ? 1

(iii) কে, কার খোজ নেন না ? 1

(iv) বক্তা কেনো এরূপ উক্তি করেছেন ? 2

**অথবা**

(b) রাজলক্ষ্মীর চরিত্র চিত্রণ কর । (5)

**********************

www.careerindia.com